## উপজেলা পরিষদ

কোম্পানীগঞ্জ, নোয়াখালী।

নোয়াখালী জেলার কোম্পানীগঞ্জ উপজেলার জুলাই/২০২৩ মাসের উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | ঃ জনাব মোহাম্মদ শাহাব উদ্দিন<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কোম্পানীগঞ্জ, নোয়াখালী |
| সভার স্থান | ঃ উপজেলা পরিষদ মিলনায়তন। |
| তারিখ ও সময় | ঃ ১৯-০৭-২০২৩খ্রিঃ, বেলা ১২:০০ টা। |

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট "ক"

সভার প্রারম্ভে উপজেলা পরিষদ চেয়ারম্যান ও সভাপতি সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতি কোম্পানীগঞ্জ উপজেলার ০৮নং চরএলাহী ইউনিয়নে ক্রসডেম স্থাপনের প্রকল্প অনুমোদন হওয়ায় জনাব ওবায়দুল কাদের এমপি, মাননীয় মন্ত্রী, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রনালয় মহোদয়ের প্রতি ধন্যবাদ জ্ঞাপন করেন। সভাপতি উপজেলা নির্বাহী অফিসারকে সভার কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করেন। সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হলে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। এরপর বিভাগওয়ারী নিম্নোক্ত আলোচনাপূর্বক সিদ্ধান্ত গৃহীত হয়।

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ১। ডেঙ্গু প্রতিরোধে জনসচেতনতা সৃষ্টির জন্য উপজলোর সকল সরকারি-বেসরকারি দপ্তর/প্রতিষ্ঠান, এনজিও, শিক্ষা প্রতিষ্ঠান স্ব-স্ব প্রতিষ্ঠানের অফিস প্রধান এবং জনপ্রতিনিধিদের নেতৃত্বে মশার প্রজননস্থল (যেমন: ভবনের ছাদ, নির্মাণধীন ভবন, ফুলের টব, বাগান, ছাদে থাকা জমা পানি ইত্যাদি) বিনষ্টে নিয়মিত 'পরিচ্ছন্নতা কার্যক্রম' পরিচালনা করার বিষয়ে আলোচনা করা হয়। | ডেঙ্গু প্রতিরোধে জনসচেতনতা সৃষ্টির জন্য উপজলোর সকল সরকারি-বেসরকারি দপ্তর/প্রতিষ্ঠান, এনজিও, শিক্ষা প্রতিষ্ঠান স্ব-স্ব প্রতিষ্ঠানের অফিস প্রধান এবং জনপ্রতিনিধিদের নেতৃত্বে মশার প্রজননস্থল (যেমন: ভবনের ছাদ, নির্মাণধীন ভবন, ফুলের টব, বাগান, ছাদে থাকা জমা পানি ইত্যাদি) বিনষ্টে নিয়মিত 'পরিচ্ছন্নতা কার্যক্রম' পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | দপ্তর/অফিস প্রধান (সকল)<br>ইউপি চেয়ারম্যান (সকল)<br>কোম্পানীগঞ্জ, নোয়াখালী।<br>উপজেলা শিক্ষা অফিসার কোম্পানীগঞ্জ, নোয়াখালী<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কোম্পানীগঞ্জ নোয়াখালী। |
| ২। **উপজেলা স্বাস্থ্য বিভাগ ঃ** উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ৩। **উপজেলা কৃষি বিভাগ ঃ** উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার। |
| ৪। **উপজেলা প্রাণিসম্পদ বিভাগ ঃ** উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, প্রানি সম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্পের মাধ্যমে দক্ষিন-পশ্চিম চরকাঁকড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ে স্কুল মিল্ক ফিডিং কর্মসূচী চলমান রয়েছে। এছাড়া তার বিভাগের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা। |
| ৫। **পরিবার পরিকল্পনা বিভাগ ঃ** উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা যায়নি। | পরবর্তী সভায় উপস্থিত থেকে বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প.প. কর্মকর্তা |
| ৬। **উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ ঃ** উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | বিধি মোতাবেক বিভাগীয় কার্যক্রম চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার, কোম্পানীগঞ্জ |
| ৭। **মৎস্য বিভাগ ঃ** উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, ২৪-০৭-২০২৩ খ্রি: তারিখ থেকে ৩০-০৭-২০২৩ খ্রি: তারিখ পর্যন্ত ৭ দিন ব্যাপী 'জাতীয় মৎস্য সপ্তাহ-২০২৩' উদ্‌যাপন করা হবে। এ উপলক্ষ্যে ২৫ জুলাই ২০২৩ তারিখে কোম্পানীগঞ্জ উপজেলায় পোনা অবমুক্তকরণের মাধ্যমে শুভ উদ্বোধন, র‍্যালী ও আলোচনা সভা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। উক্ত অনুষ্ঠানে সবার উপস্থিতি ও সহযোগিতা কামনা করেন। এছাড়া তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | বিধি মোতাবেক বিভাগীয় কার্যক্রম চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ৮। **এলজিইডি ঃ**<br>(ক) ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় (এডিপি) বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণ স্কীম দাখিল করার জন্য প্রস্তাব করেন। | (ক) ২০২৩-২৪ অর্থবছরের সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদেরকে যথাসময়ে এডিপি'র স্কীম দাখিল করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) উপজেলা পরিষদের সকল গাড়ী একই স্থানে | |

| | | |
|---|---|---|
| (খ) উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর কর্তৃক অত্র উপজেলায় গাড়ী বরাদ্দ করেন। উক্ত বরাদ্দকৃত গাড়ীসহ উপজেলা পরিষদ চেয়ারম্যান,উপজেলা নির্বাহী অফিসার এবং উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সহ সবগুলো গাড়ী একত্রে রাখার জন্য গ্যারেজ প্রয়োজন বিধায় উপজেলা প্রকৌশলীর দপ্তর হইতে ৬,০০,০০০.০০ টাকার ০২টি (দুই) প্রাক্কলন প্রস্তুত পূর্বক দাখিল করেন যা ০২ (দুই) ধাপে সমাপ্ত করা হবে।<br>(গ) উপজেলা রাজস্ব তহবিলের অর্থায়নে উপজেলা পরিষদের নির্মিত পাবলিক লাইব্রেরি কাম সাংস্কৃতিক কেন্দ্রটি বর্ধিত অংশ ৩৫ ফুট সহ ২য় ও ৩য় তলা উর্ধ্বমুখী সম্প্রসারণ কাজ উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থায়নে বাস্তবায়নের জন্য ২,৩২,১৮,৩৭০.০০ টাকা প্রাক্কলন উপজেলা প্রকৌশলীর দপ্তর কর্তৃক দাখিল করেন যা ০৩ (তিন) অর্থবছরে সমাপ্ত করা হবে।<br>(ঘ) উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, স্থানীয় সরকার প্রকৌশলী অধিদপ্তরের আওতায় দেশব্যাপী গ্রামীণ বাজার অবকাঠামো উন্নয়ন প্রকল্প হতে নোয়াখালী জেলার কোম্পানীগঞ্জ উপজেলার বামনী বাজারে আধুনিক মার্কেট নির্মাণ করার লক্ষ্যে স্মারক নং-৪৬.০২.০০০০.৯২২.৯৯.১০.১৮-৩৪১, তারিখঃ ০২-০৮-২০২৩ ইং মাধ্যমে প্রাথমিক তথ্যাদি প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করেন। | রাখার জন্য গ্যারেজ নির্মাণ করা একান্ত প্রয়োজন বিধায় উক্ত গ্যারেজ নির্মাণের জন্য উপজেলা প্রকৌশলীর দপ্তর কর্তৃক ৬,০০,০০০.০০ টাকার ০২টি(দুই)প্রাক্কলন (৬,০০,০০০.০০ +৬,০০,০০০.০০ = ১২,০০,০০০.০০) টাকার প্রাক্কলন অনুযায়ী নির্মাণ পূর্বক উক্ত ব্যয় ০২ (দুই) ধাপে উপজেলা রাজস্ব তহবিল হইতে নির্বাহ করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় এবং এ বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(গ) উপজেলা পরিষদ পাবলিক লাইব্রেরী কাম সাংস্কৃতিক ভবনটির বর্ধিত অংশ ৩৫ ফুটসহ ২য় ও ৩য় তলা উর্ধ্বমুখী সম্প্রসারণের জন্য উপজেলা প্রকৌশলীর দপ্তর কর্তৃক ২,৩২,১৮,৩৭০.০০ টাকা প্রাক্কলন অনুযায়ী ০৩ (তিন) অর্থবছরে নির্মাণ বাস্তবায়নের জন্য স্থানীয় সরকার বিভাগ কর্তৃক অনুমোদনক্রমে উক্ত ব্যয় উপজেলা রাজস্ব তহবিল হইতে নির্বাহ করার জন্য সর্ব সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত এবং এ বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(ঘ) সভায় বিস্তারিত আলোচনান্তে, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের আওতায় দেশব্যাপী গ্রামীণ বাজার অবকাঠামো উন্নয়ন প্রকল্প হতে নোয়াখালী জেলার কোম্পানীগঞ্জ উপজেলার বামনী বাজারের প্রাথমিক তথ্যাদি প্রদানের নির্দেশনা প্রদান করেন। বামনী বাজারে আধুনিক মার্কেট নির্মাণের লক্ষ্যে দ্রুত চাহিত প্রাথমিক তথ্যাদি প্রেরণের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় এবং এ বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার / উপজেলা প্রকৌশলী/ইউপি চেয়ারম্যান (সকল) |
| ৯। **মহিলা বিষয়ক অধিদপ্তর** ঃ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | বিধি মোতাবেক বিভাগীয় কার্যক্রম চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১০। **সমবায় বিভাগ** ঃ উপজেলা সমবায় কর্মকর্তা বলেন, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক আছে। আশ্রয়ন প্রকল্পের ঋণ আদায় কার্যক্রম চলমান আছে। ২০২৩-২৪ অর্থবছরের সরকারি রাজস্ব অডিট ফি আদায়ের লক্ষ্যমাত্রা ১৩৭০৯০/- টাকা, আদায় ৭৭৬৫০/- টাকা এবং সিডিএফ আদায়ের লক্ষ্যমাত্রা ১৬৩৭২৫/- টাকা এবং আদায় ১৩৯৩৩৪/- টাকা। | বিধি মোতাবেক বিভাগীয় কার্যক্রম চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| ১১। **খাদ্য বিভাগ** ঃ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | বিধি মোতাবেক বিভাগীয় কার্যক্রম চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| ১২। **উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ** ঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, শিক্ষা মন্ত্রণালয়ের অধীন পারফরমেন্স বেইজড গ্র্যান্ড ফর সেকেন্ডারী ইনিস্টিটিউট স্কীমের আওতায় কোম্পানীগঞ্জ উপজেলার নির্বাচিত ০৬ (ছয়) টি শিক্ষা প্রতিষ্ঠানের প্রতিটিতে ৫০০০০০/- (পাঁচ লক্ষ) টাকা ইতিমধ্যে প্রতিষ্ঠানের ব্যাংক হিসাবে জমা করা হয়েছে। নীতিমালা অনুসরনপূর্বক ব্যয় নির্বাহ করার নির্দেশনা রয়েছে। এছাড়া তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কোম্পানীগঞ্জ |
| ১৩। **পরিসংখ্যান বিভাগ** ঃ উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা উপস্থিত না থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা যায়নি। | পরবর্তী সভায় উপস্থিত থেকে বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিসংখ্যান অফিসার, কোম্পানীগঞ্জ |
| ১৪। **তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর** ঃ উপজেলা সহকারী প্রোগ্রামার সভায় জানান যে, শেখ রাসেল ডিজিটাল ল্যাব কর্তৃক ল্যাব মেইনটেইনেন্স এবং ট্রাবলশুটিং প্রশিক্ষণ কার্যক্রমের আওতায় ৩টি ব্যাচে ২০ জন করে মোট ৬০ জনের প্রশিক্ষণ সমাপ্ত হয়েছে। এছাড়া ওয়েব পোর্টাল হালনাগাদ স্বাভাবিক রয়েছে। | বিধি মোতাবেক সকল বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রোগ্রামার, কোম্পানীগঞ্জ, নোয়াখালী |

| | | |
|---|---|---|
| ১৫। **যুব উন্নয়ন বিভাগ ঃ** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, যুব উন্নয়ন অধিদপ্তর, কোম্পানীগঞ্জ থেকে ৭ জন কোটায় এবং ৫ জন বেকার যুবদের গবাদী পশু ও হাঁস মুরগী পালন বিষয়ের উপর ৩ মাসের প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ কোর্সে ভর্তির জন্য নোয়াখালী জেলায় যুব উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্রে পাঠানো হয়েছে। এছাড়া তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।। | বিধি মোতাবেক সকল বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ১৬। **বন বিভাগ ঃ** উপজেলা বন কর্মকর্তা সভায় জানান যে,<br>১। ২০২২-২৩ অর্থবছরে অত্র উপজেলায় সুফল প্রকল্পের অর্থায়নে উত্তোলিত ৫১৫৭টি বিভিন্ন প্রজাতির চারা বিনামূল্যে বিতরণ করা হবে।<br>২। গত অর্থবছরে ০২নং চরপার্বতী ইউনিয়নে সুফল প্রকল্পের অর্থায়নে সৃজিত ৪৫ কি:মি: বাগানের শূন্যস্থান পূরণ ও পরিচর্যার কাজ চলমান।<br>৩। গত অর্থবছরে ০২নং চরপার্বতী ইউনিয়নে চর বনায়ন প্রকল্পের অর্থায়নে সৃজিত ৭ কি:মি: সংযোগ সড়ক বাগানের শূন্যস্থান পূরণ ও পরিচর্যার কাজ চলমান। | বিধি মোতাবেক সকল বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা বন কর্মকর্তা |
| ১৭। **জনস্বাস্থ্য বিভাগ ঃ** উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) |
| ১৮। **ত্রাণ ও দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ ঃ** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানায় যে, তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ১৯। **সমাজসেবা বিভাগ:** উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, বিভিন্ন ভাতাভোগীদের লাইভ ভেরিফিকেশন ২৪-৭-২০২৩ খ্রি: তারিখ থেকে ২২-০৮-২০২৩ খ্রি: তারিখ পর্যন্ত সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ, পৌরসভাসহ অন্যান্য নির্ধারিত স্থানে অনুষ্ঠিত হবে। এজন্য সংশ্লিষ্ট সকলকে সহযোগিতা করার জন্য অনুরোধ করেন। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। মেয়র, বসুরহাট পৌরসভা, কোম্পানীগঞ্জ, নোয়াখালী<br>২। উপজেলা সমাজসেবা কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, নোয়াখালী।<br>২। ইউপি চেয়ারম্যান (সকল) |
| ২০। **বিদ্যুৎ বিভাগ:** আবাসিক প্রকৌশলী (বিদ্যুৎ) সভায় উপস্থিত না থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা যায়নি। | পরবর্তী সভায় উপস্থিত থেকে বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | আবাসিক প্রকৌশলী (বিদ্যুৎ) কোম্পানীগঞ্জ, নোয়াখালী। |
| ২১। **ডিজিএম (পল্লী বিদ্যুৎ) :** ডিজিএম (পল্লী বিদুৎ) সভায় জানান যে, বর্তমানে চাহিদার বিপরীতে ৬০%-৭০% বিদ্যুৎ সরবরাহ করা হচ্ছে যার ফলে প্রতিটি ফিডারে লোডশেডিং করতে হচ্ছে। এছাড়া তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | ডিজিএম (পল্লী বিদুৎ), কোম্পানীগঞ্জ, নোয়াখালী। |
| ২২। **পল্লী উন্নয়ন অফিস ঃ** পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা যায়নি। | পরবর্তী সভায় উপস্থিত থেকে বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ২৩। **বিএডিসি বিভাগ ঃ** উপ-সহকারী প্রকৌশলী, বিএডিসি (ক্ষুদ্র সেচ) সভায় জানান যে, তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশলী, বিএডিসি (ক্ষুদ্র সেচ) |
| ২৪। **তথ্য কেন্দ্র :** তথ্য সেবা কর্মকর্তা (তথ্য কেন্দ্র) সভায় জানান যে, ডোর টু ডোর সেবা (প্রাথমিক স্বাস্থ্য সেবা, কৃষি ও ব্যবসায় সম্পর্কিত তথ্যসেবা, বাল্য বিবাহ ও নারী নির্যাতন বিষয়ক সচেতনতা সৃষ্টি) এবং তথ্যকেন্দ্রের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | তথ্য সেবা কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, নোয়াখালী। |
| ২৫। উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর (ইউডিএফ), উপজেলাপ রিচালন ও উন্নয়নপ্রকল্প, কোম্পানীগঞ্জ উপজেলার মাসিক সভায় জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরে ৫০,০০,০০০/= (পঞ্চাশলক্ষ) টাকার অবকাঠামো উন্নয়ন বিষয়ক উপ-প্রকল্প বাস্তবায়ন করার জন্য, কোম্পানীগঞ্জ উপজেলায় ০৩টি-০১/নরমাল ডেলিভেরী বৃদ্ধি ও শিশু স্বাস্থ্য রক্ষায় ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র এর মেরামত এবং উন্নয়ন প্রকল্প। | পিএসসি সভাপতি ও অন্যান্য সদস্যদের উপস্থিতিতে বিস্তারিত আলোচনার পর সভায় উপস্থাপিত অবকাঠামোগুলো উন্নয়ন উপ-প্রকল্প অনুমোদনের লক্ষ্যে পিএমইউ তে প্রেরনের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ, কোম্পানীগঞ্জ, নোয়াখালী / উপজেলা নির্বাহী অফিসার, কোম্পানীগঞ্জ, নোয়াখালী ও UDF, UGDP প্রকল্প |

| | | |
|---|---|---|
| ২/বিভিন্ন ইউনিয়নে সড়ক বাতির জন্য সোলার প্যানেল স্থাপন বিষয়ক প্রকল্প।<br>৩/ক) শিক্ষার মান উন্নয়নে জৈতুন নাহার কাদের মহিলা কলেজের হলরুম মেরামত/সংস্কার বিষয়ক প্রকল্প।<br>খ) চর এলাহী নদীর ঘাটে যাত্রী ছাউনি নির্মাণ বিষয়ক প্রকল্প প্রস্তাব করা হয়। | | |
| ২৬। চেয়ারম্যান, ০২ নং চরপার্বতী ইউনিয়ন পরিষদ, কোম্পানীগঞ্জ, নোয়াখালী বলেন, তার ইউনিয়নে চৌধুরীহাট সরকারি প্রাথমিক বিদ্যালয়ে পানি নিষ্কাশনের জন্য পাইপ স্থাপন করা প্রয়োজন। | সংশ্লিষ্ট বিভাগকে উক্ত সমস্যা সমাধানের বিষয়ে অনুরোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ২৭। চেয়ারম্যান, ০৩ নং চরহাজারী ইউনিয়ন পরিষদ, কোম্পানীগঞ্জ, নোয়াখালী তার ইউনিয়নে ভিজিডি কার্ড বাড়ানোর জন্য অনুরোধ করেন। | সংশ্লিষ্ট বিভাগকে উক্ত সমস্যা সমাধানের বিষয়ে অনুরোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ২৮। চেয়ারম্যান, ০৫ নং চরফকিরা ইউনিয়ন পরিষদ, কোম্পানীগঞ্জ, নোয়াখালী বলেন, তার ইউনিয়নে টিসিবির নতুন কার্ড ইস্যুর অনুরোধ করেন। চরফকিরা ০৩নং ওয়ার্ডে ব্রীজটি ঝুকিপূর্ণ অবস্থায় রয়েছে। এছাড়া দিয়ারা বালুয়া গুচ্ছগ্রামে জলাবদ্ধতা দূরীকরণের জন্য ছোট ছোট কয়েকটি কালভার্ট নির্মাণের অনুরোধ করেন। | সংশ্লিষ্ট বিভাগকে উক্ত সমস্যা সমাধানের বিষয়ে অনুরোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ২৯। চেয়ারম্যান, ০৭ নং মুছাপুর ইউপি, কোম্পানীগঞ্জ, নোয়াখালী বলেন, জন্ম-মৃত্যু নিবন্ধনের সার্ভার ডাউন থাকার কারনে নিয়মিত কার্যক্রম ব্যাহত হচ্ছে। এছাড়া মুছাপুর ইউনিয়ন পরিষদের গেইট স্থাপন এবং চৌধুরী বাজারে টয়লেট স্থাপনের জন্য অনুরোধ করেন। | সংশ্লিষ্ট বিভাগকে উক্ত সমস্যা সমাধানের বিষয়ে অনুরোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ৩০। চেয়ারম্যান, ০৮ নং চরএলাহী ইউপি, কোম্পানীগঞ্জ, নোয়াখালী বলেন, টিসিবির কার্ডে চিনি দেওয়া হয়না। এছাড়া চরএলাহী ইউনিয়নে বেশিরভাগ সৌর বিদ্যুৎ নষ্ট হয়ে গেছে। | সংশ্লিষ্ট বিভাগকে উক্ত সমস্যা সমাধানের বিষয়ে অনুরোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ৩১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কোম্পানীগঞ্জ, নোয়াখালী উপজেলা পরিষদের সম্মুখে বাউন্ডারী ওয়াল এবং গেইট সংস্কারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। | সংশ্লিষ্ট বিভাগকে উক্ত সমস্যা সমাধানের বিষয়ে অনুরোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ইউপি চেয়ারম্যান (সকল) |
| ৩২। উপজেলা পরিষদ বিবিধ :<br>(ক) উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানের সম্মানী ভাতা, আপ্যায়ন ব্যয়, আনুষঙ্গিক ব্যয়, উপজেলা পরিষদের ইন্টারনেট বিল, উপজেলা পরিষদের বিদুৎ বিল, সুইপার, মালির ও নিরাপত্তা কর্মীর মজুরী, পত্রিকার বিল উপজেলা পরিষদ কর্মচারীদের সিপিএফ ফান্ডে অর্থ জমা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় উপস্থাপন করা হয়।<br>(খ) সরকারের বিভিন্ন উন্নয়ন কর্মকান্ড প্রদর্শনের জন্য ব্যানার ও পেস্টুন তৈরির বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় উপস্থাপন করা হয়।<br>(গ) উপজেলা পরিষদ নতুন ও পুরাতন ক্যাম্পাস পরিষ্কার পরিচ্ছন্নকরণ কাজের প্রাপ্য বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় উপস্থাপন করা হয়।<br>(ঘ) ১৪২৫ থেকে ১৪৩০ বাংলা সনে ইজারাকৃত হাটবাজার সমূহের ইজারালব্দ অর্থের ৫%, ১০% ও ১৫% অর্থ ইউনিয়ন পরিষদসমূহের অনুকূলে প্রদানের বিষয়ে আলোচনা করা হয়।<br>(ঙ) ১৪২৬ থেকে ১৪৩০ বাংলা সনে ইজারাকৃত খেয়াঘাটের ইজারালব্দ অর্থের ইউপি অংশের অর্থ প্রদানের বিষয়ে আলোচনা করা হয়।<br>(চ) উপজেলা পরিষদের অভ্যন্তরের রাস্তা সংস্কার/মেরামত করার করার বিষয়ে আলোচনা করা হয়।<br>(ছ) উপজেলা পরিষদ কমপ্লেক্স (নতুন ভবন) এর পানিতে প্রচুর পরিমানে আয়রন থাকায় ব্যবহারের অনুপযোগী হওয়ায় নতুন করে পানি সাপ্লাইয়ের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | (ক) উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানের সম্মানী ভাতা, আপ্যায়ন ব্যয়, আনুষঙ্গিক ব্যয়, উপজেলা পরিষদের ইন্টারনেট বিল, উপজেলা পরিষদের বিদুৎ বিল, সুইপার, মালির ও নিরাপত্তা কর্মীর মজুরী, পত্রিকার বিল উপজেলা পরিষদ কর্মচারীদের সিপিএফ ফান্ডে অর্থ জমা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) সরকারের বিভিন্ন উন্নয়ন কর্মকান্ড প্রদর্শনের জন্য ব্যানার ও পেস্টুন তৈরির বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(গ) উপজেলা পরিষদ নতুন ও পুরাতন ক্যাম্পাস পরিষ্কার পরিচ্ছন্নকরণ কাজের প্রাপ্য বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(ঘ) ১৪২৫ থেকে ১৪৩০ বাংলা সনে ইজারাকৃত হাটবাজার সমূহের ইজারালব্দ অর্থের ৫%, ১০% ও ১৫% অর্থ ইউনিয়ন পরিষদসমূহের অনুকূলে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(ঙ) ১৪২৬ থেকে ১৪৩০ বাংলা সনে ইজারাকৃত খেয়াঘাটের ইজারালব্দ অর্থের ইউপি অংশের অর্থ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(চ) উপজেলা পরিষদের অভ্যন্তরের রাস্তা সংস্কার/মেরামত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের | ক) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কোম্পানীগঞ্জ<br>খ) উপজেলা নির্বাহী অফিসার, কোম্পানীগঞ্জ |

| | | |
|---|---|---|
| (জ) উপজেলা পরিষদ কমপ্লেক্সের (নতুন ভবন) ২য় তলায় উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে এবং উপজেলা পরিষদ পুরাতন ভবনে চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কোম্পানীগঞ্জ, নোয়াখালী মহোদয়ের অফিস কক্ষে নতুন সোলার প্যানেল স্থাপনের বিষয়ে আলোচনা করা হয়। | জন্য মেয়র, বসুরহাট পৌরসভা, কোম্পানীগঞ্জ, নোয়াখালীকে অনুরোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(ছ) উপজেলা পরিষদ কমপ্লেক্স (নতুন ভবন) এর পানিতে প্রচুর পরিমানে আয়রন থাকায় ব্যবহারের অনুপযোগী হওয়ায় নতুন করে পানি সাপ্লাইয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(জ) উপজেলা পরিষদ কমপ্লেক্সের (নতুন ভবন) ২য় তলায় উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে এবং উপজেলা পরিষদ পুরাতন ভবনে চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কোম্পানীগঞ্জ, নোয়াখালী মহোদয়ের অফিস কক্ষে নতুন সোলার প্যানেল স্থাপন এবং সোলার প্যানেল স্থাপনের ব্যয় বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | |

কোম্পানীগঞ্জ উপজেলার শান্তি ও সমৃদ্ধির জন্য সবাইকে একসাথে কাজ করার আহবান জানানো হয়। ইউনিয়ন পরিষদের সকল চেয়ারম্যানকে উপজেলা পরিষদ সাধারণ সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করেন। সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোহাম্মদ শাহাব উদ্দিন)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
কোম্পানীগঞ্জ, নোয়াখালী।

স্মারক নম্বর ঃ ০৫.৪২.৭৫২১.০০০.০৬.০০১.২৩- ১২৮৮

তারিখ ঃ ২৭ জুলাই ২০২৩

অনুলিপি ঃ সদয় জ্ঞাতার্থে / জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো-

০১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।

০৩। পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।

০৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। [মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য]

০৫। জেলা প্রশাসক, নোয়াখালী।

০৬। উপপরিচালক, স্থানীয় সরকার, নোয়াখালী।

০৭। উপজেলা ........................................................ কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, নোয়াখালী।

০৮। চেয়ারম্যান, ............................................ইউনিয়ন পরিষদ, কোম্পানীগঞ্জ, নোয়াখালী

27.7.23

মো: মেজবা উল আলম ভূঁইয়া
উপজেলা নির্বাহী অফিসার
কোম্পানীগঞ্জ, নোয়াখালী।
ফোন ঃ ০২৩৩৪৪৯৪২০৪
E-mail: unocompaniganjnoakhali@mopa.gov.bd